

💵 স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ বিভিন্ন সিজদা সমূহ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কুরআন তিলাওয়াতের সিজদাহ

কুরআন মাজীদের সিজদার আয়াত তিলাঅত করলে অথবা শুনলে তকবীর দিয়ে একটি সিজদাহ করা এবং তকবীর দিয়ে মাথা তোলা মুস্তাহাব। এই সিজদার পর কোন তাশাহহুদ বা সালামনেই। তকবীরের ব্যাপারে মুসলিম বিন য়্যাসার, আবূ কিলাবাহ্ ও ইবনে সীরীন কর্তৃক আষার বর্ণিত হয়েছে। (ইবনে আবী শাইবা, আব্দুর রাযযাক, মুসান্নাফ, বায়হাকী, তামামুল মিন্নাহ্, আলবানী ২৬৯পু:)

এই সিজদাহ করার বড় ফযীলত ও মাহাত্ম রয়েছে। মহানবী (ﷺ) বলেন, "আদম সন্তান যখন সিজদার আয়াত পাঠ করে সিজদাহ করে, তখন শয়তান দূরে সরে গিয়ে কেঁদে কেঁদে বলে, 'হায় ধ্বংস আমার! ও সিজদাহ করতে আদেশ পেয়ে সিজদাহ করে, ফলে ওর জন্য রয়েছে জায়াত। আর আমি সিজদার আদেশ পেয়ে তা অমান্য করেছি, ফলে আমার জন্য রয়েছে জাহায়াম।" (আহমাদ, মুসনাদ, মুসলিম, সহীহ ৮৯৫নং, ইবনে মাজাহ্, সুনান) তিলাওয়াতের সিজদা কুরআন তেলাওয়াতকারী ও শ্রোতার জন্য সুয়ত। একদা হযরত উমার (রাঃ) জুমআর দিন মিম্বরের উপরে সূরা নাহল পাঠ করলেন। সিজদার আয়াত এলে তিনি মিম্বর থেকে নেমে সিজদাহ করলেন এবং লোকেরাও তাঁর সাথে সিজদাহ করল। অতঃপর পরবর্তী জুমআতেও তিনি ঐ সূরা পাঠ করলেন। যখন সিজদার আয়াত এল, তখন তিনি বললেন, 'হে লোক সকল! আমরা (তিলাওয়াতের সিজদাহ করতে) আদিষ্ট নই। সুতরাং যে সিজদাহ করবে, সে ঠিক করবে। আর যে করবে না, তার কোন গুনাহ হবে না।'

অন্য এক বর্ণনায় তিনি বলেন, 'আল্লাহ আমাদের উপর (তিলাওয়াতের) সিজদাহ ফর্য করেননি। আমরা চাইলে তা করতে পারি।' (বুখারী ১০৭৭নং)

যায়দ বিন সাবেত (রাঃ) বলেন, 'আল্লাহর রসূল (ﷺ) এর কাছে সূরা নাজম পাঠ করলাম। তিনি সিজদাহ করলেন না।' (বুখারী ১০৭৩, মুসলিম, মিশকাত ১০২৬নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=3048

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন